গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১২ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ/২৬ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ**

**এস. আর. ও. নং ১৯৮-আইন/২০১৮/৩০/কাস্টমস।-** Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 219 এর sub-section (1), sub-section (2) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে বোর্ড, উক্ত Act এর Third Schedule এর paragraph 8 এর উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

[1][১। **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।-** (১) এই বিধিমালা ইলেকট্রনিক সীল ও লক সেবা বিধিমালা, ২০১৮ নামে অবহিত হইবে।

(২) এই বিধিমালা আমদানি, রপ্তানি, ট্রানজিট, ট্রানশিপমেন্টসহ অনুরূপ ক্ষেত্রে কাস্টমস-পোর্টের সাথে কাস্টমস স্টেশন, কাস্টমস ইনল্যান্ড কন্টেইনার ডিপো, কাস্টমস ইনল্যান্ড ওয়াটার কন্টেইনার, টার্মিনাল, রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল ও অর্থনৈতিক অঞ্চলে পণ্য পরিবহন এবং সীলিং কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।]

**২। সংজ্ঞা।- (১)** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,-

**(ক)** **''আইন''** অর্থ Customs Act, 1969 (Act No. IV of 1969);

**(খ)** **''ইলেকট্রনিক সীল'' বা ''সীল''** অর্থ অবৈধভাবে ঘষা-মাজা বা পরিবর্তন (Tampering বা Manipulation) প্রতিরোধ-সক্ষমতা সম্পন্ন আধুনিক প্রযুক্তির উচ্চ ক্ষমতাসম্পন্ন রেডিও ফ্রিকুয়েন্সি আইডেন্টিফিকেশন ডিভাইসেস (আরএফআইডি) সম্পন্ন সীল যাহা বাহ্যিক গড়নে লক সংযুক্ত হওয়ায় পণ্যের কন্টেইনারের নিরাপত্তা নিশ্চিত করে;

(গ) **''পরিশিষ্ট''** অর্থ এই বিধিমালার কোন পরিশিষ্ট;

(ঘ) **''লক''** অর্থ কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাক, কার্গো ভেসেলের হ্যাচ বা রেল ওয়াগনে ব্যবহার উপযোগী লক যাহা রেডিও ফ্রিকুয়েন্সি আইডেন্টিফিকেশন ডিভাইসেস (আরএফআইডি) ভিত্তিক সীল সংযুক্ত এবং চাবি দ্বারা খোলা ও বন্ধ করা হয়;

---

[1] এস.আর.ও. নং ৩৩৬-আইন/২০১৯/৪৮/কাস্টমস, তারিখ, ২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ দ্বারা প্রতিস্থাপিত

[2][(ঙ) **''সেবা''** অর্থ বিধি ৯ অনুযায়ী নির্ধারিত সেবার ফিস এর বিনিময়ে কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচে ইলেকট্রনিক সীলকরণ ও লককরণ, সীলের অখন্ডতা ও সঠিকতা যাচাই এবং সীলের নাম্বার মিলাইয়া সীল ও লক খোলা;]

(চ) **''সেবা গ্রহণকারী''** অর্থ আমদানিকারক বা রপ্তানিকারক; এবং

(ছ) **''সেবা প্রদানকারী''** অর্থ বিধি ৩ এর অধীন তালিকাভুক্ত সেবা প্রদানকারী কোন প্রতিষ্ঠান।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি, ক্ষেত্রমত, আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের তালিকা প্রণয়ন ও তালিকাভুক্তির পদ্ধতি।-** (১) এই বিধিমালার অধীন সীল ও লক সেবা প্রদানের জন্য বোর্ড সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের তালিকা প্রণয়ন করিতে পারিবে এবং তালিকাভুক্ত প্রতিষ্ঠান Build Own Operate (BOO) ভিত্তিক পরিচালিত হইবে।

(২) তালিকাভুক্তির উদ্দেশ্যে আবেদনকারী প্রতিষ্ঠানকে বোর্ডের নিকট '**পরিশিষ্ট-ক**' অনুযায়ী আবেদন করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন প্রাপ্ত আবেদন যাচাই বাছাইয়ের জন্য নিম্নরূপ একটি কমিটি থাকিবে, যথা:-

| কর্মকর্তার পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|
| সদস্য (কাস্টমস নীতি) | আহবায়ক |
| প্রথম সচিব (কাস্টমস নীতি) | সদস্য |
| প্রথম সচিব (কাস্টমস আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি) | সদস্য |
| প্রথম সচিব (কাস্টমস রপ্তানি ও বন্ড) | সদস্য |
| অতিরিক্ত কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম | সদস্য |
| দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি) | সদস্য সচিব। |

(৪) কমিটি আবেদন প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে আবেদন যাচাই-বাছাইক্রমে যথাযথ মনে করিলে তালিকাভুক্তির সুপারিশসহ একটি প্রতিবেদন বোর্ডের চেয়ারম্যানের নিকট দাখিল করিবেন।

(৫) চেয়ারম্যান কর্তৃক অনুমোদনের পর '**পরিশিষ্ট-খ**' অনুযায়ী আবেদনকারী প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত করিতে হইবে এবং তালিকাভুক্তির বিষয়টি আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

৪। **সেবার পদ্ধতি**।- (১) সেবা গ্রহণকারী সেবা গ্রহণের উদ্দেশ্যে বিধি ৯ এ নির্ধারিত হারে ফিস পরিশোধ করিবে।

---

[2] এস.আর.ও. নং ৩৩৬-আইন/২০১৯/৪৮/কাস্টমস, তারিখ, ২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ দ্বারা প্রতিস্থাপিত

(২) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান সেবা গ্রহণকারী বা তদকর্তৃক নিয়োজিত প্রতিনিধি এবং কাস্টমস কর্মকর্তার উপস্থিতিতে [3][কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচ] সীল ও লক করিবে এবং গন্তব্যে পৌঁছাইবার পর [4][কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচের] সীলের অখন্ডতা যাচাইক্রমে লকের নাম্বার মিলাইয়া সীল ও লক খুলিবে।

[5][(৩) যে সকল পণ্য কাস্টমস-পোর্ট হইতে কাস্টমস স্টেশনে স্থানান্তর অথবা কাস্টমস স্টেশন হইতে কাস্টমস-পোর্টে স্থানান্তর কিংবা কাস্টমস স্টেশন হইতে কাস্টমস স্টেশনে স্থানান্তর করা হইবে সে সকল পণ্যের চালান সম্পর্কে সেবা গ্রহণকারী সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে পূর্বেই লিখিতভাবে অবহিত করিবে।

(৪) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান করিতে ব্যর্থ হইলে সেবা গ্রহণকারী যুক্তিসঙ্গত কারণ উল্লেখপূর্বক, কাস্টমস কর্মকর্তার লিখিত অনুমোদনক্রমে, সীল ও লক ব্যতীত পণ্য কাস্টমস-পোর্ট হইতে অন্য কাস্টমস-পোর্ট, কাস্টমস স্টেশন, কাস্টমস ইনল্যান্ড কন্টেইনার ডিপো, কাস্টমস ইনল্যান্ড ওয়াটার কন্টেইনার টার্মিনাল, রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল এবং অর্থনৈতিক অঞ্চলে স্থানান্তর, অপসারণ, খালাস বা বোঝাই করা যাইবে।]

**৫। সেবা প্রদানকারীর দায়িত্ব।-** সেবা প্রদানকারী নিম্নবর্ণিত দায়িত্ব পালন করিবে, যথা:-

(ক) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান উহার উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর, আয়কর, অগ্রিম আয়কর, শুল্ক, চার্জ ও ফি ইত্যাদি যথাসময়ে পরিশোধ করিবে;

(খ) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান চুক্তিতে নির্ধারিত সময়ের মধ্যে [6][কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচ] সীল ও লক করিতে ব্যর্থ হইলে উক্ত বিলম্বজনিত সময়ের জন্য বন্দর মাসুল, যদি থাকে, বন্দর কর্তৃপক্ষকে পরিশোধ করিবে;

(গ) ইলেকট্রনিক সীল ও লক অবস্থায় পণ্য স্থানান্তরকালে আমদানিকৃত বা রপ্তানিযোগ্য পণ্য পথিমধ্যে চুরি হইলে, হারাইয়া গেলে বা অন্যবিধভাবে ক্ষতিগ্রস্থ হইলে এবং উপযুক্ত তদন্তে সেবাপ্রদানকারীর ব্যর্থতায় বা অবহেলায় ঘটনা সংঘটিত হইয়াছে বলিয়া প্রমাণিত হইলে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী প্রতিষ্ঠান দায়-দায়িত্ব বহন করিবে;

(ঘ) সেবা গ্রহণকারী তাহার [7][কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচের] পণ্যের অবস্থান সম্পর্কে অবগত হইতে চাহিলে সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বিনামূল্যে উক্ত তথ্য ডিজিটাল পদ্ধতিতে সরবরাহ করিবার ব্যবস্থা গ্রহণ করিবে;

---

[3] এস.আর.ও. নং ৩৩৬-আইন/২০১৯/৪৮/কাস্টমস, তারিখ, ২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ দ্বারা প্রতিস্থাপিত

[4] এস.আর.ও. নং ৩৩৬-আইন/২০১৯/৪৮/কাস্টমস, তারিখ, ২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ দ্বারা প্রতিস্থাপিত

[5] এস.আর.ও. নং ৩৩৬-আইন/২০১৯/৪৮/কাস্টমস, তারিখ, ২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ দ্বারা প্রতিস্থাপিত

[6] এস.আর.ও. নং ৩৩৬-আইন/২০১৯/৪৮/কাস্টমস, তারিখ, ২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ দ্বারা প্রতিস্থাপিত

[7] এস.আর.ও. নং ৩৩৬-আইন/২০১৯/৪৮/কাস্টমস, তারিখ, ২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ দ্বারা প্রতিস্থাপিত

(ঙ) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য সীল ও লক অবস্থায় পরিবহণকালে উহার প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করিবে;

(চ) পণ্য পরিবহনে [8][কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচসমূহে] ট্র্যাকিং করিবার সুবিধার্থে জিপিএস বা জিপিআরএস ডিভাইজ স্থাপন করিবে;

[9][(ছ) কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচে ইলেকট্রনিক সীল ও লক করা, সীলের অখন্ডতা ও সঠিকতা যাচাই, সীল ও লক খোলাসহ সার্বিক সেবা কার্যক্রম পরিচালনার সুবিধার্থে সকল কাস্টমস-পোর্ট, কাস্টমস ইনল্যান্ড কন্টেইনার ডিপো, কাস্টমস ইনল্যান্ড ওয়াটার কন্টেইনার টার্মিনাল, রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল, অর্থনৈতিক অঞ্চল বা কাস্টমস স্টেশন সংলগ্ন এলাকায় অফিস স্থাপন ও প্রয়োজনীয় জনবলের ব্যবস্থা করিবে; এবং]

(জ) সেবা প্রদানকারী প্রয়োজনীয় সংখ্যক ইলেকট্রনিক সীল ও লক, আনুষঙ্গিক প্রয়োজনীয় যন্ত্রপাতি-যন্ত্রাংশ নিজ ব্যয়ে সংগ্রহ করিবে এবং নির্বিঘ্নে সেবা প্রদানের উদ্দেশ্যে নিয়মিত উহা রক্ষণাবেক্ষণ করিবে।

৬। **আইন প্রয়োগকারী সংস্থা বা অন্যান্য কর্তৃপক্ষের সহায়তা গ্রহণ**।- এই বিধিমালার অধীন [10][কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচ] সীল ও লককৃত অবস্থায় পরিবহনের ক্ষেত্রে উহার নিরাপত্তা রক্ষার জন্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান আইন প্রয়োগকারী সংস্থা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, আইসিডি বা অফডক কর্তৃপক্ষসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সহায়তার জন্য অনুরোধ করিতে পারিবে এবং এইরূপ অনুরোধ করা হইলে উক্ত সংস্থা বা কর্তৃপক্ষ প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবে।

[11][৭। **সেবা গ্রহণকারীর দায়িত্ব**।- এই বিধিমালায় বর্ণিত সেবা গ্রহণের লক্ষ্যে পণ্য স্থানান্তরের ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্যের চালান সম্পর্কে সেবা গ্রহণকারী কর্তৃক সেবা প্রদানকারীকে পূর্বেই অবহিত করিতে হইবে এবং সেবা প্রদানকারীর প্রদেয় ফিস এবং প্রযোজ্য ক্ষেত্রে, ভ্যাট, ট্যাক্স, আয়কর প্রভৃতি যথাসময়ে পরিশোধ করিতে হইবে।]

৮। **কাস্টমস কর্মকর্তার দায়িত্ব**।- কাস্টমস কর্মকর্তা নিম্নবর্ণিত দায়িত্ব পালন করিবে, যথা:-

(ক) আইনের বিধান মোতাবেক স্বশরীরে (Physically) উপস্থিত থাকিয়া আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্যের পরীক্ষা, শুল্কায়ন ও খালাসের ব্যবস্থা গ্রহণ;

(খ) আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্যবাহী [12][কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচ] এ সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের

---

[8] এস.আর.ও. নং ৩৩৬-আইন/২০১৯/৪৮/কাস্টমস, তারিখ, ২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ দ্বারা প্রতিস্থাপিত

[9] এস.আর.ও. নং ৩৩৬-আইন/২০১৯/৪৮/কাস্টমস, তারিখ, ২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ দ্বারা প্রতিস্থাপিত

[10] এস.আর.ও. নং ৩৩৬-আইন/২০১৯/৪৮/কাস্টমস, তারিখ, ২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ দ্বারা প্রতিস্থাপিত

[11] এস.আর.ও. নং ৩৩৬-আইন/২০১৯/৪৮/কাস্টমস, তারিখ, ২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ দ্বারা প্রতিস্থাপিত

[12] এস.আর.ও. নং ৩৩৬-আইন/২০১৯/৪৮/কাস্টমস, তারিখ, ২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ দ্বারা প্রতিস্থাপিত

দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক ইলেকট্রনিক সীল ও লক করা, সীলের অখন্ডতা যাচাই এবং লক খোলার কার্যক্রম তদারকি; এবং

(গ) এই বিধিমালায় বর্ণিত সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে সেবা গ্রহণকারী ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সমন্বয়ে, সময় সময়, সভার আয়োজন এবং এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান।

৯। **সেবার ফিস**।- এই বিধিমালার অধীন প্রতি [13][কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচে] ইলেকট্রনিক সীল ও লক সেবা প্রদানের ক্ষেত্রে ৪৮ (আটচল্লিশ) ঘন্টার জন্য, প্রতি [14][কন্টেইনার, কাভার্ড ভ্যান, ট্রাক, রেলওয়ে ওয়াগন বা কার্গো ভেসেলের হ্যাচ] ৬০০/- (ছয় শত) টাকা এবং ৪৮ (আটচল্লিশ) ঘন্টার পরবর্তী প্রতি ঘন্টার জন্য ৫০ (পঞ্চাশ) টাকা হারে ফিস প্রদেয় হইবে।

১০। **সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের ব্যর্থতায় জরিমানা।- (১)** সেবা গ্রহণকারী কর্তৃক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের ব্যর্থতা বা অনিয়ম সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ আনয়ন করিলে অতিরিক্ত কমিশনারের নিম্নে নহেন এইরূপ কাস্টমস কর্মকর্তার নেতৃত্বে কাস্টমস কমিশনার একটি তদন্ত কমিটি গঠন করিবেন এবং তদন্ত কমিটি উভয় পক্ষের শুনানী গ্রহণ করিয়া একটি তদন্ত প্রতিবেদন কমিশনারের নিকট দাখিল করিবে, অতঃপর কমিশনার উক্ত তদন্ত প্রতিবেদন বোর্ডের নিকট প্রেরণ করিবে।

(২) সেবা গ্রহণকারী কর্তৃক আনীত অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হইলে বোর্ড নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করিবে, যথা:-

(ক) ইলেকট্রনিক সিল ও লক সেবা প্রদানে অহেতুক ও অযৌক্তিক বিলম্বের কারণে-

(অ) কোন আর্থিক ক্ষতি সাধিত না হইলে প্রথমবার সতর্ক করা হইবে, কিন্তু পুনরাবৃত্তির ক্ষেত্রে উক্তরূপ ব্যর্থতার জন্য অনধিক ৫,০০০ (পাঁচ হাজার) টাকা জরিমানা আরোপ করা যাইবে; এবং

(আ) কোন আর্থিক ক্ষতি সাধিত হইলে উক্ত আর্থিক ক্ষতির সমপরিমাণ অর্থ বা অনধিক ১০,০০০ (দশ হাজার) টাকা, এই দুই এর মধ্যে যেটি অধিক, সেই পরিমাণ জরিমানা আরোপ করা যাইবে;

(খ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে ব্যর্থতাজনিত কারণে সীল ও লক ক্ষতিগ্রস্থ হইয়া পণ্যবাহী কন্টেইনার, কাভার্ড ভ্যান বা ট্রাকের পণ্য ক্ষতিগ্রস্থ হইলে আর্থিক ক্ষতির সমপরিমাণ বা অনধিক ২০,০০০ (বিশ হাজার) টাকা, এই দুইয়ের মধ্যে যেটি অধিক, সেই পরিমাণ জরিমানা আরোপ করা যাইবে; এবং

(গ) সীল ও লক ক্ষতিগ্রস্থ হইয়া পণ্যবাহী কন্টেইনার বা কাভার্ড ভ্যান বা ট্রাকের পণ্য ক্ষতিগ্রস্থ হইবার ঘটনা পৌনঃপুনিকভাবে সংঘটিত হইতে থাকিলে বোর্ড সেবা প্রদানকারীর কার্যক্রম সাময়িক স্থগিত অথবা বন্ধ করিতে পরিবে।

---

[13] এস.আর.ও. নং ৩৩৬-আইন/২০১৯/৪৮/কাস্টমস, তারিখ, ২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ দ্বারা প্রতিস্থাপিত

[14] এস.আর.ও. নং ৩৩৬-আইন/২০১৯/৪৮/কাস্টমস, তারিখ, ২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ দ্বারা প্রতিস্থাপিত

(৩) এই বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, এই বিধির অধীন কোন বিধান লংঘিত হইলে তদসম্পর্কিত বিচার ও নিষ্পত্তির ক্ষেত্রে Customs Act, 1969 (Act No. IV of 1969) এর বিধান অনুসৃত হইবে।

**পরিশিষ্ট-ক**
**(বিধি ৩ (২) দ্রষ্টব্য)**

**ইলেকট্রনিক সীল ও লক সেবা প্রদানকারী হিসাবে তালিকাভুক্তির আবেদন**

| পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি |
|---|

বরাবর,
সদস্য [কাস্টমস: নীতি]
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

মহোদয়,

আমি/আমরা ---------------------------------------- ইলেকট্রনিক সীল ও লক সেবা বিধিমালা, ২০১৮ এর আওতায় উক্ত সেবা প্রদানের নিমিত্ত জাতীয় রাজস্ব বোর্ডে তালিকাভুক্তির জন্য প্রয়োজনীয় দলিলাদিসহ আবেদন করিতেছি। আবেদন সংশ্লিষ্ট বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল, যথা:-

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নামঃ
২। আবেদনকারী প্রতিষ্ঠানের মালিক/স্বত্বাধিকারীগণের নাম, ঠিকানা ও শিক্ষাগত যোগ্যতাঃ
৩। আবেদনকারী প্রতিষ্ঠানের-
(ক) অফিসের ঠিকানা:
(খ) ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর:
(গ) ভ্যাট নিবন্ধন নম্বর:
(ঘ) একাউন্ট নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংকের নাম ও ঠিকানা:
৪। ব্যবসার ধরন (ব্যক্তি মালিকানাধীন, যৌথ মালিকানাধীন, অংশীদারীত্বমূলক, লিমিটেড কোম্পানি ইত্যাদি):
৫। যৌথ কারবারের ক্ষেত্রে অংশীদার/পরিচালক/ব্যবস্থাপনা পরিচালকগণের নামঃ
৬। প্রস্তাবিত সেবাটি আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত কিনা? উদ্ভাবিত হইলে সেটি পেটেন্টেড কিনাঃ
৭। ইতোপূর্বে এই সেবা প্রদানের অভিজ্ঞতা রহিয়াছে কিনাঃ উত্তর হ্যাঁ হইলে, অভিজ্ঞতা সনদ দাখিল করিতে হইবে।
৮। সেবা প্রদানের জন্য নিয়োগকৃত জনবলের তালিকাঃ
৯। বর্ণিত সেবা প্রদানের জন্য যে সকল যন্ত্রপাতি/যন্ত্রাংশ/উপকরণ ব্যবহার করা হইবে উহাদের তালিকাঃ

আমি/আমরা অঙ্গীকার করিতেছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি আমার/আমাদের জানামতে সঠিক ও সত্য এবং আরও নিশ্চয়তা প্রদান করিতেছি যে, তালিকাভুক্ত হইলে আমি/আমরা Customs Act, 1969 (Act No. IV of 1969) এবং এই বিধিমালার বিধানাবলিসহ প্রযোজ্য সকল বিধানাবলি মানিয়া চলিতে বাধ্য থাকিব।

**আপনার বিশ্বস্ত,**

তারিখঃ

(আবেদনকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/
স্বত্বাধিকারীর নাম, স্বাক্ষর ও দাপ্তরিক সীল)

**[নোটঃ আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যাদি সম্পর্কিত দালিলিক প্রমান উপস্থাপন করিতে হইবে এবং আবেদনে কোন প্রকার ঘষামাজা ও কাটাছেঁড়া থাকিতে পারিবে না।]**

**[15][পরিশিষ্ট-খ**
**[বিধি ৩ (৫) দ্রষ্টব্য]**
**তালিকাভুক্তির প্রত্যয়নপত্র**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, ইলেকট্রনিক সীল ও লক সেবা বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপ-বিধি (৫) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক .............(প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা.................., মূসক নিবন্ধন নম্বর......................) কে ইলেকট্রনিক সীল ও লক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্ত করা হইল।

উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তির নম্বর --------------------------------।

তারিখ :

সদস্য (কাস্টমস নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।]

**বোর্ডের আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি**
**চেয়ারম্যান।**

[15] এস.আর.ও. নং ৩৩৬-আইন/২০১৯/৪৮/কাস্টমস, তারিখ, ২৭ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ দ্বারা প্রতিস্থাপিত